

**২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির  
নতুন কাঠামো ও নির্দেশিকার সংক্ষিপ্ত বর্ণনা**

**এপিএ'র কাঠামোগত উন্নয়নের প্রেক্ষাপট:**

- মন্ত্রণালয়/বিভাগ, দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসসমূহের সার্বিক কার্যক্রমের পরিবীক্ষণ ও মূল্যায়ন বর্তমানে ভিন্ন ভিন্ন কর্মপরিকল্পনার (এপিএ, এনআইএস, উদ্ভাবন) মাধ্যমে সম্পন্ন করা হচ্ছে;
- একই কাজ বিভিন্ন কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত থাকার ফলে মূল্যায়নে দ্বৈততা সৃষ্টি হচ্ছে;
- GRS, Citizen's Charter ও RTI কার্যক্রম পরিবীক্ষণ ও মূল্যায়নে এখন পর্যন্ত কোনো পৃথক কর্মপরিকল্পনা নেই;
- সরকারি অফিসসমূহ কার্যক্রম বাস্তবায়নে সামগ্রিকভাবে কেমন করছে তা পরিমাপ করা যাচ্ছে না;
- এই সমস্যা সমাধানের লক্ষ্যে একটি সমন্বিত পরিবীক্ষণ ও মূল্যায়ন পদ্ধতি প্রবর্তনের প্রয়োজনীয়তা দেখা দেয়।

**এপিএ'র নতুন কাঠামো (২০২১-২২)**

- মন্ত্রণালয়/বিভাগ, দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসসমূহের কার্যক্রমের সামগ্রিক মূল্যায়ন APA'র মাধ্যমে সম্পন্ন করা হবে;
- Allocation of business, NIS, GRS, Citizen's Charter, E-governance & Innovation ও RTI বাস্তবায়নের জন্য পৃথক পৃথক কর্মপরিকল্পনা থাকবে এবং এসকল কর্মপরিকল্পনা APA'র অংশ হিসেবে বিবেচিত হবে;
- Allocation of business অনুযায়ী এপিএ প্রণয়নকালে একইসঙ্গে NIS, GRS, Citizen's Charter, E-governance and Innovation ও RTI কর্মপরিকল্পনাসমূহ প্রস্তুত করতে হবে এবং এসকল কর্মপরিকল্পনাসমূহ এপিএ'তে সংযুক্ত করেই উর্ধ্বতন কর্তৃপক্ষের সঙ্গে চূড়ান্ত এপিএ স্বাক্ষর করতে হবে;
- সুশাসনমূলক কার্যক্রমসমূহ এপিএ'তে যথাযথভাবে প্রতিফলনের লক্ষ্যে এ সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে ৩০ নম্বর (বর্তমানে ২৫) এবং Allocation of Business অনুযায়ী কর্মকাণ্ড বাস্তবায়নে ৭০ (বর্তমানে ৭৫) নম্বর বরাদ্দ থাকবে।
- MTBF এর সঙ্গে সামঞ্জস্য রেখে শুধু মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ের এপিএতে 'কৌশলগত উদ্দেশ্য' থাকবে;
- দপ্তর/সংস্থা এবং মাঠ পর্যায়ের এপিএ-তে কৌশলগত উদ্দেশ্যের পরিবর্তে কর্মসম্পাদনের ক্ষেত্র (Areas of performance) থাকবে;
- সরকারের বিভিন্ন পরিকল্পনা এবং মন্ত্রণালয়/বিভাগের নীতি সংক্রান্ত রেফারেন্স উল্লেখ করার জন্য সংযোজনী-৪ নামে নতুন একটি সংযোজনী যোগ করা হয়েছে।

## ২০২১-২২ অর্থবছরের এপিএ প্রণয়নে যে সকল বিষয়ে গুরুত্ব প্রদান করতে হবে

- এপিএ'তে অন্তর্ভুক্ত কার্যক্রম সামগ্রিকভাবে 'রূপকল্প-২০৪১' এর লক্ষ্যমাত্রার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হতে হবে;
- এপিএ প্রণয়নে সরকারের নির্বাচনী ইশতেহার, ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা, SDGs ও MTBF এ বর্ণিত লক্ষ্যমাত্রাসমূহ বিবেচনায় নিতে হবে;
- প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগের এপিএ-তে প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত সুনির্দিষ্ট লক্ষ্যমাত্রা অন্তর্ভুক্ত করতে হবে।
- মন্ত্রিসভায় গৃহীত সিদ্ধান্ত এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনা ও প্রতিশ্রুতি বাস্তবায়নের প্রতিফলন প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ ও দপ্তর/সংস্থার এপিএ তে থাকতে হবে;
- কোভিড ১৯ মহামারী মোকাবেলায় মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনাসহ অন্যান্য গুরুত্বপূর্ণ কার্যক্রম অন্তর্ভুক্ত করতে হবে;
- মধ্যমেয়াদী বাজেট কাঠামোতে প্রদত্ত রূপকল্প, অভিলক্ষ্য, Key Performance Indicator (KPI), উদ্দেশ্য ও কার্যক্রমের সঙ্গে এপিএ-তে প্রদত্ত তথ্যের সামঞ্জস্য থাকতে হবে;
- 'মুজিববর্ষ' উদযাপন উপলক্ষ্যে জনহিতকর উদ্যোগ ২০২১-২২ অর্থবছরের এপিএ-তে অন্তর্ভুক্ত করতে হবে;
- এলডিসি প্রাজুয়েশন, ৪র্থ শিল্প বিপ্লব এবং Ease of Doing Business- সংক্রান্ত কার্যক্রম প্রযোজ্য ক্ষেত্রে অন্তর্ভুক্ত করতে হবে।
- MTBF এবং APA'তে প্রদত্ত কৌশলগত উদ্দেশ্য একই হবে। যে কোন পরিবর্তনের ক্ষেত্রে উভয় ডকুমেন্টে পরিবর্তন আনতে হবে;
- 'প্রসেস'ধর্মী কাজ যথাসম্ভব কমিয়ে 'পারফরমেন্স'ধর্মী কার্যক্রম অন্তর্ভুক্ত করতে হবে;
- রুটিনধর্মী কাজের (যেমন সভা, পত্র জারি ইত্যাদি) উল্লেখ যথাসম্ভব পরিহার করতে হবে;
- কর্মকর্তা/কর্মচারীগণের সক্ষমতার উন্নয়নে (সমসাময়িক বিষয় নিয়ে লার্নিং সেশনসহ) উদ্যোগ গ্রহণ করতে হবে;
- অভ্যন্তরীণ গবেষণা কার্যক্রমে গুরুত্বারোপ করতে হবে;
- আওতাধীন অফিসের কার্যক্রম মন্ত্রণালয়/বিভাগের এপিএ তে উল্লেখ যথাসম্ভব পরিহার করতে হবে; তবে আওতাধীন অফিসের মাধ্যমে সম্পাদিত কাজের সামষ্টিক অর্জনের উল্লেখ মন্ত্রণালয়/বিভাগের এপিএ তে আসতে পারে;
- আওতাধীন অফিসের মাধ্যমে সম্পাদিত কাজের গুণগত মান নিশ্চিত মন্ত্রণালয় কর্তৃক গৃহীত পদক্ষেপ এক্ষেত্রে আবশ্যিকভাবে উল্লেখ করতে হবে;
- যেসকল কার্যক্রম বাস্তবায়নে অন্য এক/একাধিক সরকারি অফিসের উপর নির্ভর করতে হয় সেসকল কার্যক্রম এপিএ-তে উল্লেখের পূর্বে সেসকল সরকারি অফিসের সঙ্গে আলোচনা করতে হবে।